গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

# অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৬ মৌসুমে উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তানজিল পারভেজ
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার অফিস কক্ষ।
সভার তারিখ ও সময় : ০৫ মে ২০২৬ খ্রিষ্টাব্দ, সকাল ১১.০০ ঘটিকা সময়।
সভায় উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"।

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সদস্য সচিবকে আলোচ্য সূচি অনুযায়ী বক্তব্য উপস্থাপনের জন্য আহ্বান জানান। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সদস্য সচিব সভাকে জানান যে, ধান উৎপাদনে প্রান্তিক কৃষকদের ন্যায্য মূল্য প্রদান ও ধান চাষে কৃষকদের উৎসাহিত করার জন্য সরকার সমগ্র বাংলাদেশে চলতি বোরো, ২০২৬ মৌসুমে অভ্যন্তরীণভাবে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা উপজেলাওয়ারী বিভাজন পাওয়া গিয়েছে। নিম্নে দীঘিনালা উপজেলার ধানের লক্ষ্যমাত্রা, সংগ্রহ মূল্য, সংগ্রহের সময় সীমা, বিনির্দেশসহ যাবতীয় তথ্যাদি উপস্থাপন করেন।

(ক) ধানের মোট লক্ষ্যমাত্রা : ১৬৮ মে: টন
(খ) উপজেলা ওয়ারী বিভাজন : খাদ্য মন্ত্রনালয়, অভ্যন্তরনীণ সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয় ঢাকার ২৭/০৪/২০২৬ খ্রি: তারিখের ৩৫ নং স্মারক অনুযায়ী।
(গ) সংগ্রহ মূল্য : বোরো ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩৬/- টাকা।
(ঘ) সংগ্রহ কাল : ০৩/০৫/২০২৬ হতে ৩১/০৮/২০২৬ খ্রি: পর্যন্ত।
(ঙ) বিনির্দেশ : অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুযায়ী।

| ক্র: নং | ধানের বিনির্দেশ | সর্বোচ্চ |
|---|---|---|
| ০১ | আর্দ্রতা | ১৪% |
| ০২ | বিজাতীয় পদার্থ | ০.৫% |
| ০৩ | বিভিন্ন জাতের ধানের মিশ্রণ | ৮% |
| ০৪ | অপুষ্ট ও বিনষ্ট দানা | ২% |
| ০৫ | চিটা | ০.৫% |

**সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ:**

০১. বোরো ধান সংগ্রহ, ২০২৬ মৌসুমে প্রাপ্ত লক্ষমাত্রা আওতায় ধান প্রান্তিক কৃষকদের নিকট হতে সুষ্ঠুভাবে সংগ্রহের জন্য সভায় বিশদভাবে আলোচনা করা হয় এবং সকল সম্মানিত সদস্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে ধান ক্রয়ের জন্য একমত পোষন করেন। সভায় উপজেলার লক্ষ্যমাত্রার আওতায় ধান সংগ্রহের জন্য ক্রয়কেন্দ্র/এলএসডি ভিত্তিক নিম্ন বর্ণিত হারে ধানের বিভাজন নির্ধারণ করা হয়।

| ক্র: নং | গুদামের নাম | গুদাম অনুযায়ী প্রস্তাবিত বরাদ্দ (মে: টন) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | দীঘিনালা খাদ্য গুদাম | ৫০.০০০ মে: টন | দীঘিনালা ইউনিয়নের উদালবাগান ও বড়াদম ব্লকের কৃষক বাবুছড়া খাদ্য গুদামে ধান দিতে ইচ্ছুক। |
| ০২ | ছোট মেরুং খাদ্য গুদাম | ৪০.০০০ মে: টন | |
| ০৩ | বাবুছড়া খাদ্য গুদাম | ৭৮.০০০ মে: টন | |

অ: পৃ: দ্র:

০২. কেন্দ্র ভিত্তিক ধান সংগ্রহের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত কৃষক তালিকা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটিতে চূড়ান্তভাবে অনুমোদন করে লক্ষ্যমাত্রকৃত ধান সংগ্রহ করতে হবে। কোন অবস্থাতেই তালিকা বর্হিভূত কৃষক অথবা ব্যক্তির নিকট হতে ধান ক্রয় করা যাবে না। একজন কৃষক সর্বনিম্ন ০.১২০ মে: টন সর্বোচ্চ ৩.০০০ মে: টন ধান বিক্রি করতে পারবেন।

০৩. উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক কৃষকদের অনুমোদিত তালিকা খাদ্য অধিদপ্তরের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

০৪. বাংলাদেশ জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা'র ০২/০৭/২০২৫ খ্রি. তারিখের ৭৫ নং স্মারকের ২০২৫-২৬ অর্থ বছরে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ কর্যক্রমে সংগ্রহ মূল্য পরিশোধের ক্ষেত্রে ০.৫% হারে উৎসে কর কর্তনের নির্দেশনা রয়েছে।

০৫. অভ্যন্তরীন সংগ্রহ নীতিমালা ২০১৭ এর ৯(ক) অনুযায়ী ক্রয় কেন্দ্রের ক্রয়কারী কর্মকর্তা তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষি অফিসারের উপস্থিতিতে কৃষকদের কৃষি উপকরণ সহায়ক কার্ড/জাতীয় পরিচয় পত্রের ভিত্তিতে কৃষক চিহ্নিত করে প্রকৃত কৃষকদের নিকট হতে বিনির্দেশ সম্মত ধান ক্রয় নিশ্চিত করবেন।

০৬. নির্বাচিত কৃষকদের অবশ্যই ব্যাংক একাউন্ট থাকতে হবে।

০৭. অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুযায়ী বিনির্দেশ সম্মত ধান সংগ্রহ করার লক্ষ্যে দীঘিনালা উপজেলার এলএসডি সমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ধানের বিনির্দেশ সংগ্রহ মূল্য, সংগ্রহের সময়সীমাসহ প্রয়োজনীয় নির্দেশনা বহুল প্রচারের জন্য মাইকিং এর ব্যবস্থা করবেন।

০৮. অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ এর ১৪ অনুচ্ছেদ অনুযায়ী ক্রয়কেন্দ্রে সর্বসাধারণের জন্য দৃশ্যমান জায়গায় ২ মিটার দৈর্ঘ্য ও ১.৫ মিটার প্রস্থের হলুদ বোর্ডে লাল অক্ষরে প্লাষ্টিক রং দিয়ে মৌসুমে ঘোষিত ধান এর বিনির্দেশ, সংগ্রহ মূল্য, সংগ্রহের সময়সীমা সাইন বোর্ডে টাঙিয়ে রাখতে হবে।

০৯. ক্রয়কারী কর্মকর্তা তথা এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষি বিভাগের একজন কর্মকর্তার উপস্থিতিতে কৃষক কর্তৃক আনীত ধানের, আর্দ্রতা চিটা সহ অন্যান্য বিনির্দেশ সমূহ যাচাই করা হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষি বিভাগের কর্মকর্তা কর্তৃক যাচাইয়ান্তে যৌথ সিদ্ধান্তে ধান সংগ্রহ করা হবে। কৃষক যাতে হয়রানির স্বীকার না হয় সেদিকে সংশ্লিষ্ট সকলকে বিশেষ দৃষ্টি রাখতে হবে।

১০. অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ এর (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী মূল্য পরিশোধকারী কর্মকর্তা সংগৃহীত ধানের মজুদ যাচাই পূর্বক দ্রুততার সাথে কৃষকের ব্যাংক হিসাবে মূল্য পরিশোধের ব্যবস্থা করবেন।

১১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দীঘিনালা সোনালী ব্যাংক লি:/বাংলাদেশ কৃষি ব্যাংক, দীঘিনালা শাখায়দ্বয়কে অনুমোদিত তালিকা সরবরাহ করবেন।

১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:/ বাংলাদেশ কৃষি ব্যাংক, দীঘিনালা শাখা সরবরাহকৃত তালিকায় ব্যাংক হিসাব যাচাই করে তালিকাভূক্ত কৃষকদেরকে মূল্য পরিশোধ করবেন।

১৩. উপজেলার যে কোন খাদ্য গুদাম/ইউনিয়ন ভিত্তিক বিভাজনকৃত নির্ধারিত ধানের লক্ষ্যমাত্রা অর্জিত না হলে উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে উপজেলায় অন্য খাদ্য গুদাম/ইউনিয়নে সমন্বয় করে সংগ্রহ করা যাবে।

উল্লেখ্য যে, উক্ত মৌসুমে চালের বরাদ্দসহ বিভাজন পাওয়া গেলে লাইসেন্স ধারী ৩ (তিন) টি মিল হতে অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুযায়ী নিম্নে বিনির্দেশ মোতাবেক দীঘিনালা খাদ্য গুদামে সংগ্রহ করা হবে।

| বিনির্দেশ | আপত চাল (সর্বোচ্চ) |
|---|---|
| ১। আর্দ্রতা | ১৪% |
| ২। বড় ভাঙ্গা দানা | ৮% |
| ৩। ছোট ভাঙ্গা দানা | ৫% |
| ৪। ভিন্ন জাতের মিশ্রণ | ৮% |
| ৫। বিনষ্ট দানা | ১% (৩ টি একত্রে) |
| ৬। মরা দানা | |
| ৭। বিবর্ণ দানা | |
| ৮। ধান প্রতি কেজিতে | ২ টি |

| | |
|---|---|
| ৯। বিজাতীয় পদার্থ | ০.৩% |
| ১০। খড়িময় দানা | ১% |
| ১১। ছাঁটাই | উত্তম |

চলমান পাতা-২



পরিশেষে সভাপতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৬ মৌসুমের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা কমিটির সকল সদস্যগণকে আহ্বান জানান এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

০৫/৫/২৬

**(তানজিল পারভেজ)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
সংগ্রহ ও মনিটরিং কমিটি
দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং-১৩.১.৪৬৪৩.০০১.৪৫.০০১.২৫- ২৯২

তারিখ : ০৫/০৫/২০২৬ খ্রি;

**অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১. জেলা প্রশাসক, খাগড়ছড়ি পার্বত্য জেলা।
০২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
০৪. উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫. জনাব................................................উপজেলা...............................................কর্মকর্তা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬. চেয়ারম্যান, ....................................................(সকল) ইউপি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:/বাংলাদেশ কৃষি ব্যাংক, দীঘিনালা শাখা, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, দীঘিনালা এলএসডি/ছোট মেরুং এলএসডি/ বাবুছড়া এলএসডি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯. জনাব আনন্দ মোহন চাকমা, কৃষক প্রতিনিধি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. জনাব.........................................................................................................
১১. অফিস নথি।

৫/৫/২৫

**(হিমো চাকমা)**
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
সংগ্রহ ও মনিটরিং কমিটি
দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।